

তারিখঃ ১৪/০৩/২০২২

## বিজ্ঞপ্তি

আযম খান সরকারি কমার্স কলেজে অধ্যয়নরত ২০২১-২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে উপবৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে শিক্ষার্থীদেরকে ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক আগামী ২০/০৩/২০২২ তারিখের মধ্যে কলেজের ১ নং ভবনের ২য় তলায় অফিস রুমে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হল। উল্লেখ্য শিক্ষাবোর্ড কর্তৃক মেধা/সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।


নির্দিষ্ট সময়ের পর আর কোন ফরম জমা নেওয়া হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে এবং আবেদনে কোন ভুল থাকলে তার প্রেক্ষিতে উপরোক্ত বৃত্তি সংক্রান্ত কোন সমস্যা হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

### উপবৃত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। নির্ধারিত আবেদন ছক
- ২। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি
- ৩। আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিট)
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
- ৫। পিতা ও মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট)
- ৬। অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়নপত্র ১ কপি
- ৭। এসএসসি ও জেএসসি নম্বরপত্রের ফটোকপি ১ কপি
- ৮। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা) সচল মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট/নগদ) অথবা ব্যাংক একাউন্ট নম্বর। উল্লেখ্য উক্ত মোবাইল ব্যাংকিং/ব্যাংক একাউন্ট শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা হতে হবে।

বিঃদ্রঃ কোন শিক্ষার্থীর পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তি (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী) তার অভিভাবক হিসাবে নির্বাচিত হবেন এবং সে ক্ষেত্রে তাঁর জাতীয় পরিচয়পত্র দিয়ে খোলা মোবাইল ব্যাংকিং/ব্যাংক একাউন্ট দিতে হবে।


প্রতি সাক্ষর



প্রফেসর অশোক কুমার ঘোষ (৬০৮০)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

  
14.03.2022  
আহবায়ক

উপবৃত্তি কমিটি একাদশ শ্রেণি ২০২১-২২

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা।